# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১০৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩৩. বিশেষ কারণে ইমামের খুত্বাহয় বিরতি দান

باب الإِمَامِ يَقْطَعُ الْخُطْبَةَ لِلأَمْرِ يَحْدُثُ

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، أَنَّ زَيْدَ بْنَ حُبَابٍ، حَدَّثَهُمْ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ وَاقِدٍ، حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ خَطَبَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأَقْبَلَ الْحَسَنُ وَالْحُسَيْنُ ـ رضى الله عنهما ـ عَلَيْهِمَا قَمِيصَانِ أَحْمَرَانِ يَعْثُرَانِ وَيَقُومَانِ فَنَزَلَ فَأَخَذَهُمَا فَصَعِدَ بِهِمَا الْمِنْبَرَ ثُمَّ قَالَ " صَدَقَ اللَّهُ ‏(‏إِنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلاَدُكُمْ فِتْنَةٌ‏)‏ رَأَيْتُ هَذَيْنِ فَلَمْ أَصْبِرْ " ‏.‏ ثُمَّ أَخَذَ فِي الْخُطْبَةِ ‏.‏

ـ صحيح

বাংলা

১১০৯। ’আবদুল্লাহ ইবনু বুরাইদাহ (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সামনে খুত্বাহ দিচ্ছিলেন। এমন সময় শিশু হাসান ও হুসাইন লাল রংয়ের জামা পরিহিত অবস্থায় আছাড় খেতে খেতে এগিয়ে এলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুত্বাহ বন্ধ করে মিম্বার হতে নেমে তাদেরকে নিয়ে এসে মিম্বারে উঠে বললেনঃ আল্লাহ সত্যই বলেছেন, ’’তোমাদের ধন-সম্পদ ও সন্তানাদী ফিতনাহ স্বরূপ’’ (সূরাহ তাগাবুনঃ আয়াত ১৫)। আমি এ দু’জনকে দেখে ধৈর্য্য ধারণ করতে পারিনি। অতঃপর তিনি খুত্বাহ দিতে লাগলেন।[1]

সহীহ।

## English

Narrated Buraydah ibn al-Hasib:

The Messenger of Allah (ﷺ) delivered a speech to us; meanwhile al-Hasan and al-Husayn came upon there stumbling, wearing red shirts. He came down from the pulpit, took them and ascended it with them. He then said: Allah truly said: "Your property and your children are only trial" (lxiv.15). I saw both of them, and I could not wait. Afterwards he resumed the speech.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : মানাকিব, অনুঃ হাসান ও হুসাইন (রাঃ) এর মানাকিব, হাঃ ৩৭৭৪, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান), নাসায়ী (অধ্যায় : জুমু'আহ, অনুঃ খুত্বাহতে ইশারা করা, হাঃ ১৪১২), ইবনু মাজাহ (অধ্যায় : লিবাস, অনুঃ পুরুষের লাল কাপড় পরা, হাঃ ৩৬০০), আহমাদ (৫/৩৫৪) সকলে হুসাইন ইবনু ওয়াক্বিদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন